

ঢাকা ওয়াসা

বিষয়: ০৬ (ছয়) কর্মদিবসব্যাপী ৫ মডিউলে বিভক্ত "District Metered Area (DMA) Management"-শীর্ষক প্রশিক্ষণ কোর্স আয়োজন প্রসঙ্গে।

০১। বর্ণিত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা ওয়াসা প্রশিক্ষণ কেন্দ্রের ২০২৫-২০২৬ অর্থ বছরের জন্য প্রণীত এবং ব্যবস্থাপনা পরিচালক মহোদয় কর্তৃক অনুমোদিত প্রশিক্ষণ পরিকল্পনায় DMA Management-শীর্ষক কোর্সের প্রশিক্ষণ মডিউল সমূহ যেমনঃ Training on "Introduction to NRW and DMA Management", "DMA Caretaker Approach", "DMA Commissioning", "SCADA" ও "Benchmarking" অন্তর্ভুক্ত রয়েছে। ০৫ মডিউলে বিভক্ত উক্ত প্রশিক্ষণ WOP2 কর্তৃক প্রণীত Training Module অনুযায়ী পরিচালিত হবে। মডিউল ০৫টির প্রত্যেকটিতে ঢাকা ওয়াসায় কর্মরত ১৪ (চৌদ্দ) জন সহকারী প্রকৌশলী এবং ০২ জন সহকারী মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার (হার্ডওয়্যার/নেটওয়ার্ক) সহ মোট ১৬ (ষোল) জনকে অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানানো হবে (সংযুক্তি-১)। উক্ত কোর্সের ০৫টি মডিউলে WOP2 কর্তৃক প্রণীত Training Module অনুসরণপূর্বক কোর্স প্রোগ্রাম প্রণয়ন করা হয়েছে (সংযুক্তি-২)। ০৫টি মডিউলের উক্ত প্রশিক্ষণ অর্থাৎ Training on "Introduction to NRW and DMA Management" ১৭-১৮ ডিসেম্বর ২০২৫ মেয়াদে, "DMA Caretaker Approach" ২১ ডিসেম্বর ২০২৫ মেয়াদে, "DMA Commissioning" ২২ ডিসেম্বর ২০২৫ মেয়াদে, "SCADA" ২৩ ডিসেম্বর ২০২৫ মেয়াদে ও "Benchmarking" ২৪ ডিসেম্বর ২০২৫ মেয়াদে ঢাকা ওয়াসা প্রশিক্ষণ কেন্দ্রে আয়োজন করা যেতে পারে। উক্ত কোর্স মডিউল সমূহের ০৫ টিতে বক্তৃতা প্রদানের জন্য WOP2 কর্তৃক পরিচালিত একই প্রশিক্ষণ কোর্সসমূহে (ToT on DMA Management-5 Modules) অংশগ্রহণকারীদের সরাসরি উপস্থিতিতে প্রশিক্ষণপ্রাপ্ত Master Trainer দের আমন্ত্রণ জানানো হবে।

০২। ০৬ (ছয়) কর্মদিবসব্যাপী ৫ মডিউলে বিভক্ত উক্ত প্রশিক্ষণ কোর্স সম্পাদনের সম্ভাব্য ব্যয় নিম্নরূপঃ

(ক) বক্তার সম্মানী	৭৩,২০০/-	(২ সেশন ৩,৬০০/- টাকা হারে+ ২২ সেশন ৩,০০০/- টাকা হারে)
(খ) প্রশিক্ষণার্থীদের ভাতা	৭৬,৮০০/-	(১৬ জন ৮০০/- হারে ৬ দিন)
(গ) কোর্স পরিচালকের সম্মানী	১২,০০০/-	২,০০০/- টাকা হারে ৬ দিন
(ঘ) কোর্স সমন্বয়কের সম্মানী	৯,০০০/-	১,৫০০/- টাকা হারে ৬ দিন
(ঙ) সহায়ক স্টাফের সম্মানী	১২,০০০/-	২ জন ১,০০০/- টাকা হারে x৬ দিন
(চ) দুপুরের খাবার ও চা নাস্তা	৬৯,৬০০/-	(বক্তা ও সাপোর্টিং স্টাফসহ ২০ জন ৫৮০/- টাকা হারে x৬ দিন)
(ছ) পানি	৩,২৪০/-	(আধা লিটার ৪ কেস ১৩৫/- টাকা হারে x৬ দিন)
(জ) ব্যাগ, নোটবুক ও কলম	১৩,৬০০/-	(১৬ সেট ৮৫০/- টাকা হারে)
(ঝ) প্রশিক্ষণ মডিউল ফটোকপি ও বিবিধ	৮,০০০/-	আনুমানিক লামসাম
সর্বমোট	=২,৭৭,৪৪০/-	(কথায়ঃ টাকা দুই লক্ষ সাতাত্তর হাজার চারশত চল্লিশ মাত্র)

০৩। এমতাবস্থায়, "District Metered Area (DMA) Management"-শীর্ষক প্রশিক্ষণের ০৫ মডিউলে অংশগ্রহণের জন্য ১৬ জন প্রশিক্ষণার্থীর মনোনয়ন, কোর্স প্রোগ্রাম এবং কোর্স আয়োজনে প্রয়োজনীয় ব্যয় নির্বাহের নিমিত্তে প্রশিক্ষণ কেন্দ্রের "প্রশিক্ষণ ফি" খাতের বরাদ্দ হতে সর্বমোট =২,৭৭,৪৪০/- (দুই লক্ষ সাতাত্তর হাজার চারশত চল্লিশ মাত্র) টাকা ব্যয়ের এবং ক্ষেত্রমতে প্রয়োজ্য ভ্যাট ঢাকা ওয়াসা হতে বহন করার অনুমোদনসহ উক্ত পরিমাণ টাকা প্রধান প্রশিক্ষণ কর্মকর্তার অনুকূলে অস্থায়ী অগ্রীম হিসেবে প্রদানের সদয় অনুমোদন দেয়া যেতে পারে। প্রস্তাবিত বাজেটে উল্লিখিত ব্যয়ের চাইতে খাতওয়ারী প্রকৃত ব্যয় কম/বেশী হতে পারে। তবে মোট প্রকৃত ব্যয় অনুমোদিত ব্যয়ের মধ্যে সীমাবদ্ধ থাকবে। প্রশিক্ষণ সমাপ্তির পর সমুদয় ব্যয়ের অর্থ প্রকৃত ভাউচারের মাধ্যমে হিসাব বিভাগে সমন্বয় করা হবে।

সদয় অনুমোদনের জন্য পেশ করা হ'ল।

Atorun
04.12.2025
মোহাম্মদ জাকির হোসেন প্রকৌশলী
উপ-প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা (প্রকৌশল)
প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা ওয়াসা।

Muddin
4.12.25
মোঃ ওয়াজ উদ্দীন
প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা
ঢাকা ওয়াসা।

DMO (HR & Admin) Sir
মোঃ আমিরুল ইসলাম
(ব্যবস্থাপনা)
উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন)
ঢাকা ওয়াসা

04/12/25
প্রকৌশলী মোঃ আব্দুল সালাম
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা।

Muddin
4.12.25
মোঃ ওয়াজ উদ্দীন
প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা
ঢাকা ওয়াসা।

04.12.2025
মোহাম্মদ জাকির হোসেন প্রকৌশলী
উপ-প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা (প্রকৌশল)
প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা ওয়াসা।